

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৯৪৬

পর্ব-৬: যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ৭. তৃতীয় অনুচ্ছেদ - উত্তম সদাকার বর্ণনা

আরবী

وَعَنْ أَنَسٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «أَفْضَلُ الصَّدَقَةِ أَنْ تُشْبِعَ كَبِدًا جَائِعًا» . رَوَاهُ الْبَيْهَقِيُّ فِي شُعَبِ الْإِيمَانِ

বাংলা

১৯৪৬-[১৮] আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কোন ক্ষুধার্ত জীবকে পেট পুরে খাওয়ানো উত্তম সদাকার অন্তর্ভুক্ত। (বায়হাকী'র শু'আবুল ঈমান)[1]

ফুটনোট

[1] য'ঈফ: শু'আবুল ঈমান ৩০৯৫, সিলসিলাহ্ আয্ য'ঈফাহ্ ৭০৩৩, য'ঈফ আত্ তারগীব ৫৫৪, য'ঈফ আল জামি' আস্ সগীর ১০১৫। কারণ এর সানাদে যারবী একজন দুর্বল রাবী, ইমাম বুখারী তার সম্পর্কে বলেছেন, فِيْ তার হাদীসে সন্দেহ রয়েছে।

ব্যাখ্যা

ব্যাখ্যা: আল্লামা ত্বীবী (রহঃ) বলেন, অত্র হাদীসে (اکَبِدً) কলিজাকে তার সাথী তথা মানুষের গুণের মাধ্যমে রূপকভাবে গুণান্বিত করা হয়েছে। আর এটা হলো, সামঞ্জস্যপূর্ণ গুণ যা কোন হুকুমের যুক্তিসঙ্গত কারণ হতে পারে। এভাবে ব্যবহারের ফায়দা হলো বিষয়টিকে ব্যাপক অর্থে নিতে পারা যাতে করে তা সকল প্রকার প্রাণীকে অন্তর্ভুক্ত করতে সক্ষম হয় চাই সে প্রাণীটি মানুষ হোক বা অন্য কিছু হোক মু'মিন হোক বা কাফির হোক তার বাকশক্তি থাকুক বা না থাকুক। অর্থাৎ এগুলোর যে কাউকে খাওয়ালেই সাওয়াব অর্জন হতে পারে। আল্লাহই ভাল জনেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন